



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়,  
আইন বিভাগ

ফোন : ০২-২২৩৩৮৪৪৮৭, ০২-৪৭১২০৫১৬  
email: dgmlaw@krishibank.org.bd

তারিখঃ ০৩-০৭-২০২৪

নং-প্রকা/আইন-৪১১(অংশ-৪)/২০২৪-২০২৫/ ০২

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ অর্থক্ষণ মোকদ্দমা নিষ্পত্তি ত্বরান্বিত করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অর্থক্ষণ আদালত আইন' ২০০৩ এর আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখাসমূহ কর্তৃক পরিচালিত মামলার তদারকি বৃদ্ধি করা সময়ের দাবী। এছাড়া প্রধান কার্যালয়ের নজরদারীর মাধ্যমে মামলা দ্রুত নিষ্পত্তির বিষয়ে শাখার ব্যবস্থাপক ও কর্মকর্তাদের সম্পৃক্ততা বৃদ্ধি, নিম্ন আদালতে প্যানেলভুক্ত/নিয়োজিত আইজীবীগণের সাথে আইন বিভাগের যোগাযোগ প্রতিষ্ঠাসহ মন্ত্রনালয়ের সাথে সম্পাদিত এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিত করা প্রয়োজন। ইতোমধ্যে অত্র বিভাগের একাধিক কর্মকর্তার সমন্বয়ে মনিটরিং ইউনিটের ন্যায় কাজ করার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

ক) শাখা ব্যবস্থাপক অর্থক্ষণ আদালত আইনে চলমান কোন মামলা সম্পর্কে অস্পষ্টতার ক্ষেত্রে উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, জনাব মোঃ আমিনুল ইসলাম (মোবাইল নং-০১৭২১৭৪৩৭২৮) এর সাথে পরামর্শ করবেন।

খ) শাখা পর্যায়ে খেলাপী ঋণ যার বিপরীতে অর্থক্ষণ মামলা দায়ের করা প্রয়োজন সে ক্ষেত্রেও একই কর্মকর্তার সাথে পরামর্শ করা যেতে পারে।

গ) অত্র বিভাগ হতে প্রয়োজ্য ক্ষেত্রে ব্যাংকের আইন উপদেষ্টাদ্বয় এবং নিবাহীগণের নির্দেশনা শাখা ব্যবস্থাপক ও আইনজীবীকে অবহিতকরণ এবং সার্বক্ষণিক প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে মামলাসমূহ তদারকি করা হবে।

০৩। এমতাবস্থায়, অর্থক্ষণ আদালতে বিচারার্থীন মোকদ্দমা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আপনার বিভাগের একটি সর্বশেষ হালনাগাদ তথ্য বিবরণীর পাশাপাশি বিভাগীয় কার্যালয় এবং প্রতিটি মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের ও কর্পোরেট শাখার একজন করে ফোকাল কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর অত্র বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বিনীতভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ আহাদ খান)

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ঋণ আদায় মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে পত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে

আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা।

৫। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

৬। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

৭। জনাব মোঃ আমিনুল ইসলাম, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, আইন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।

৮। অফিস নথি।

৫